

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ গান-বাজনা, খেলাধুলা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিছু লোক তর্কের উপর বাজি রাখে এবং তা বৈধ মনে করে থাকে, আসলেই কি তা বৈধ ?

তর্কের উপর পণ রাখা বহু লোকের নিকট বিদআত। তা এই রূপ হয় যে, দুই ব্যক্তি কোন বিষয়ে মতভেদ করে বলে, 'আমি যা বলছি তা যদি সত্যি হয়, তাহলে তোমাকে এই এই লাগবে।' এবং যা লাগবে তার নাম নেয়া।(অর্থাৎ এত মিষ্টি খাওয়াতে হবে অথবা এতো পয়সা দিতে হবে ইত্যাদি বলে)। 'আর তুমি যা বলছ তা যদি সত্য বা সঠিক হয়, তাহলে আমি এই এই দেব।' এবং যা দেবে তার নাম নেয়। এরূপ বাজি রাখা হারাম। কারণ এ কাজ জুয়ার পর্যায়ভুক্ত, যাকে আল্লাহ তাআলা মদের পাশাপাশি উল্লেখ করে বলেছেন,

"হে ইমানদারগণ! মদ, জুয়া, মূর্তিপূজার বেদি ও ভাগ্য নির্ণয়ক শর ঘৃন্য বস্তু, শয়তানের কাজ। সুতরাং তোমরা তা বর্জন কর। এতে তোমরা সফলকাম হতে পারবে। শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহ্র স্মরণে ও নামাযে বাঁধা দিতে চায়। অতএব তোমরা কি নিবৃত হবে? (সূরা মাইদাহ ৯১-৯১ আয়াত)"

এই ভিত্তিতে উক্ত প্রকার জুয়াবাজি অবৈধ। কিছু লোকেরা তাঁকে বৈধ বলে আর নিকৃষ্টতাকে অধিক বৃদ্ধি করে। যেহেতু সে অন্যায়কে ন্যায় সাব্যস্ত করে এবং তার আসল নাম বর্জন করে ভিন্ন নামকরণ করে। আর তার উপর বৈধতার রঙ চড়িয়ে দেয়, ফলে সে যা দাবি করে তাতে মিথ্যুক প্রমাণিত হয় এবং যা ব্যক্ত করে, তাতে সে প্রতারক প্রতীয়মান হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1477

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন